

যুগান্তর

৪ JUN 2023
১১

বাকবি প্রশাসন দাবি মেনে নিয়েছে : ছাত্র জোটের ধর্মঘট প্রত্যাহার

বাকবি প্রতিদিন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ভর্তি ফি ও অর্থনৈতিক মেডিকেল টেস্ট প্রত্যাহারের দাবিতে আন্দোলনরত প্রগতিশীল ছাত্র জোটের সব দাবি বেধে দেয়া সময়সীমার মধ্যেই মেনে নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এর ফলে গতকাল মঙ্গলবার প্রগতিশীল ছাত্র জোটের মাধ্যমে আন্দোলনের অংশ হিসেবে উপাচার্য কার্যালয় ঘেরাও কর্মসূচি পালিত হয়নি। এছাড়াও আন্দোলনের আত্মত্ব ছাত্র ধর্মঘটটিও প্রত্যাহার করে আন্দোলন ওটিয়ে নিয়েছে ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়নের সমন্বয়ে গঠিত প্রগতিশীল ছাত্র জোট। গতকাল সকালে ছাত্র জোট একটি আনন্দ মিছিল বের করে। পোটা ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে মিছিলটি সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে বক্তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ধন্যবাদ জানিয়ে ছাত্র ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দেন। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রফ্রন্ট সভাপতি তাপস ঘোষ, ছাত্র ইউনিয়ন সভাপতি আমিন উল্লাহ বকুল প্রমুখ।